

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

প্রতিনিধি, কুমিল্লা

অনাড়বর এক পরিবেশের মধ্য দিয়ে গত সোমবার রত্নিন বেঙ্গন উড়িয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্রছাত্রীদের সম্মুখে একটি বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে দিবসের কার্যক্রম শুরু হয়। দিবসের অন্যান্য কার্যক্রমের মধ্যে ছিল সকালে আলোচনা সভা এবং বেলা-আড়াইটায় ছাত্রছাত্রীদের আয়োজনে স্টুডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সহযোগিতায়, মনন ব্যান্ড-চাকার বিভিন্ন শিল্পীদের নিয়ে কনসার্ট ও সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়ে সন্ধ্যা ৭টায় কর্মসূচি সমাপ্ত হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভার প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডাইন চ্যান্সেলর প্রফেসর ড. আমির হোসেন খান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার গোপাল চন্দ্র বেন। সভাপতিত্ব করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. জাকির হায়দার উল্লাহ খান। এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. আবু তাহের, লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যান মাসুদা কামাল, বেলিস্টার ড. মুহা. তৌহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রক্টর ড. মোহাম্মদ আহসান উল্লাহ, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. ম্রি এম মনিরুজ্জামান, ছাত্র প্রতিনিধি মো. শাহরিয়া মাহমুদ, আল-আমিন গুর্গব ও মাহমুদুর রহমান মাসুম।

সভাপতিত্ব করেন বাংলা বিভাগের প্রভাষক মুহাম্মদ মামসুজ্জামান মিলতী ও পদার্থবিজ্ঞান বিভাগের প্রভাষক বদরুন্নাহার।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের ডিন প্রফেসর ড. আমির হোসেন খান বলেন, ২০০৭ সালের ২৮ মে ৭টি বিভাগ নিয়ে এই বিশ্ববিদ্যালয় আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে ১৪টি বিভাগে ৯৪ জন শিক্ষক ও প্রায় তিন হাজার ছাত্রছাত্রী রয়েছেন।

তিনি বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকে অনেক সমস্যা-সংকট ও চড়াই-উতরাইয়ের মধ্য দিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও উন্নয়ন কার্যক্রম এগিয়ে চলছে। অবকাঠামোগত কিছু সমস্যা থাকলেও তা দ্রুত নিরসনের লক্ষ্যে সর্বাঙ্গিক চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।